**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী
**EIIN No-126487**
Telephone: 02588855694, Fax: 02588855535, E-mail: rgwcollege@yahoo.com, rgwcollegerajshahi@gmail.com, website: www.rgwcollege.edu.bd

তারিখ: ২৩/০৭/২০২৬ খ্রি.

# নোটিশ

অত্র কলেজের সকল শ্রেণির শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে টিআইবি কর্তৃক **“দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা-২০২৬”** অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত প্রতিযোগিতায় হাতে আঁকা কার্টুনের পাশাপাশি ডিজিটাল পদ্ধতিতে আঁকা কার্টুন ও হাতে আঁকা কমিক স্ট্রিপ এতদ্‌সঙ্গে সংযুক্ত নোটিশ মোতাবেক জমা দেওয়ার জন্য বলা হলো।

২৩/০৭/২৬

(প্রফেসর মোঃ আবুল কালাম আজাদ)
আইডি নং-১০৫৯৮
অধ্যক্ষ
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী

E:\Notice_Beg_Office Order_Comity\Notices\দুর্নীতিবিরোধী দিবস উদযাপন টিআইবি.doc

TRANSPARENCY INTERNATIONAL BANGLADESH

Social movement against corruption

জনাব কাজী শহিদুল ইসলাম

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট

জেলা প্রশাসকের কার্যালয়

রাজশাহী

বিষয়: টিআইবি আয়োজিত "দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা-২০২৬" এ অংশগ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর পক্ষ থেকে শুভেচ্ছা!

৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে টিআইবির নিয়মিত আয়োজন "দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা-২০২৬" এর আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী সকল তরুণদের হাতে আঁকা কার্টুনের পাশাপাশি ডিজিটাল-পদ্ধতি অবলম্বন করে আঁকা কার্টুন ও হাতে আঁকা কমিক স্ট্রিপ জমা দেওয়ার আহ্বান জানানো যাচ্ছে। এবারের প্রতিযোগিতার বিষয় **"দুর্নীতি বহুরূপী"**।

১৫ আগস্ট ২০২৬-এর মধ্যে অনলাইন নিবন্ধন সাপেক্ষে "কার্টুন ও কমিক স্ট্রিপ" টিআইবি কার্যালয়ে পৌঁছাতে হবে। কার্টুন ও কমিক স্ট্রিপ পাঠানোর ঠিকানা- আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন বিভাগ; ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ; মাইডাস সেন্টার (লেভেল-৪); বাড়ি-৫; সড়ক-১৬ (নতুন), ২৭ (পুরাতন), ধানমন্ডি; ঢাকা-১২০৯। এ বিষয়ে বিস্তারিত জানতে প্রদত্ত লিংক: https://ti-bangladesh.org/cartoon-competition অথবা সংযুক্ত পিডিএফ ফাইলটি দেখার অনুরোধ রইল। প্রতিযোগিতা-সংক্রান্ত কোনো জিজ্ঞাস্য থাকলে আমার সহকর্মী মাসুম বিল্লাহ (০১৭৫৫৫৪৮৪২১ masum@ti-bangladesh.org) এর সঙ্গে যোগাযোগ করার বিশেষ অনুরোধ করছি।

প্রতিযোগিতা-সম্পর্কিত তথ্য (সংযুক্ত পিডিএফ ফাইল অথবা ওয়েবলিংকটি) আপনার ব্যবস্থাপনা, তত্ত্বাবধান ও সমন্বয়াধীন সরকারি ও বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের আগ্রহী শিক্ষার্থীদের অবগত করাসহ প্রতিযোগিতায় তাদের অংশগ্রহণের জন্য উৎসাহ প্রদানের সবিশেষ অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদসহ,

মোহাম্মদ তৌহিদুল ইসলাম
পরিচালক
আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন

সংযুক্তি:

- প্রতিযোগিতা-সম্পর্কিত বিস্তারিত তথ্য






## ডিজিটাল-পদ্ধতির জন্য অতিরিক্ত নিয়মাবলী

"ডিজিটাল-পদ্ধতি" বিভাগের অংশগ্রহণকারীদের উপরোক্ত (প্রযোজ্য ক্ষেত্রে) নিয়মাবলীসহ নিম্নোক্ত নিয়মগুলো অবশ্যই অনুসরণ করতে হবে—

১. কম্পিউটার, ডিজিটাল গ্রাফিক্স ট্যাব ও আইপ্যাড— এর সহযোগিতায় ডিজিটাল ফরমেটে আঁকা মৌলিক আর্টওয়ার্ক জমা দেওয়া যাবে। এক্ষেত্রে ব্যবহৃত

সফটওয়্যার ও ভার্সনের নাম উল্লেখ করতে হবে। তবে এআই (AI)—এর সহযোগিতায় আঁকা "কার্টুন" কোনোভাবেই গ্রহণযোগ্য হবে না।

২. আর্টওয়ার্কটি অবশ্যই প্রদত্ত লিঙ্কের মাধ্যমে নির্দিষ্ট স্থানে আপলোড করতে হবে। এক্ষেত্রে মূল আর্টওয়ার্কটির অরিজিনাল সফটওয়্যার লেয়ার ফাইলসহ (PSD, Photoshop Document, TIEF etc…) অবশ্যই JPG ফাইল আপলোড করতে হবে।

৩. আর্টওয়ার্কটি প্রিন্টযোগ্য হাই-রেজুলেশনে (কমপক্ষে 300ppi/dpi) আপলোড করতে হবে।

৪. ডিজিটাল-পদ্ধতিতে আঁকা "আর্টওয়ার্ক"-এর প্রিন্ট কপি (ম্যাট/গ্লোসি ফটোপেপার; ১২ x ১৬ অথবা ১২ x ১৮ ইঞ্চি আকারের ল্যান্ডস্কেপ/পোর্ট্রেট) ভাঁজহীন অবস্থায় নিম্নলিখিত ঠিকানায় অবশ্যই পাঠাতে হবে। অন্যথায় কার্টুনটি বিচারকার্যের জন্য বিবেচনা করা হবে না।


৫. একজন প্রতিযোগী একাধিক "আর্টওয়ার্ক" জমা দিতে পারবেন।




মোবাইল: ০১৭৫৫৫৪ ৮৪২১
ই-মেইল: masum@ti-bangladesh.org
ওয়েবসাইট: www.ti-bangladesh.org
ফেসবুক: www.ti-bangladesh.org/TIBangladesh

জমা দেওয়ার ঠিকানা:
**দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০২৬**
আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন
ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
মাইডাস সেন্টার (লেভেল ৪ ও ৫)






ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর বাৎসরিক দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০২৬- এ অংশগ্রহণে আগ্রহী সকল তরুণদের কাছ থেকে মৌলিক ও সৃজনশীল কার্টুন আহ্বান করা যাচ্ছে।

## বিষয় : "দুর্নীতি বহুরূপী"

বিভাগ {
হাতে আঁকা: "ক" (১৩-১৮ বছর), "খ" (১৯-২৫ বছর)
ডিজিটাল-পদ্ধতি: ১৫ থেকে ২৫ বছর

৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস ২০২৬ উদযাপনের অংশ হিসেবে আয়োজিত প্রতিযোগিতার হাতে আঁকা গ্রুপের (ক ও খ) বিজয়ী প্রথম তিনজনকে ক্রেস্ট ও সনদসহ যথাক্রমে ৭৫ হাজার, ৫০ হাজার ও ৪০ হাজার টাকার চেক পুরস্কার হিসেবে প্রদান করা হবে। এ ছাড়া ডিজিটাল-পদ্ধতি বিভাগে বিজয়ীকে পুরস্কার হিসেবে ৭৫ হাজার টাকার চেক, ক্রেস্ট ও সনদ প্রদান করা হবে।

## অংশগ্রহণের নিয়মাবলী

১. প্রতিযোগিতায় প্রেরিত কার্টুনে প্রতিযোগীর দৃষ্টিতে "দুর্নীতি বহুরূপী" এর নেতিবাচক প্রভাব এবং প্রতিরোধে করণীয় বিষয়ের প্রতিফলন থাকতে হবে।

২. কার্টুনটি ১২ x ১৬ অথবা ১২ x ১৮ ইঞ্চি আকারের ল্যান্ডস্কেপ/পোর্ট্রেইট দুইভাবে আঁকা যাবে। নির্দিষ্ট মাপের বাইরে আঁকা কার্টুন প্রতিযোগিতার জন্য বিবেচিত হবে না।

৩. যে-কোনো মাধ্যমে (কালি-কলম, জল রং, পোস্টার কালার, পেস্টাল বা ক্রেয়ন কালারে) আঁকা কার্টুন জমা দেওয়া যাবে এবং সীমিত ক্যাপশন ব্যবহার করা যাবে।

৪. একজন প্রতিযোগী ভাঁজহীন অবস্থায় একাধিক কার্টুন পাঠাতে পারবেন। খামের উপরে "দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০২৬" ও "বিভাগ" উল্লেখ করতে হবে।

৫. প্রতিযোগীকে প্রদত্ত ওয়েব লিংকের মাধ্যমে অনলাইন নিবন্ধন সম্পন্ন করতে হবে এবং অটো জেনারেটেড নিবন্ধন নম্বরটি "কার্টুনের" অপর পাশে পেন্সিল দিয়ে লিখতে হবে।

৬. অনলাইনে নিবন্ধনের সময় প্রতিযোগীর নাম, বয়স, পাসপোর্ট সাইজ ছবি, চিঠি পাঠানোর ঠিকানা, শিক্ষাপ্রতিষ্ঠান/প্রতিষ্ঠানের নাম, ইমেইল, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের কপি প্রভৃতি অবশ্যই উল্লেখ ও আপলোড করতে হবে।

৭. যেহেতু অনলাইনে নিবন্ধন সম্পন্ন করতে হবে। তাই প্রতিযোগীর "ব্যক্তিগত উপাত্তের" সর্বোচ্চ সুরক্ষা নিশ্চিত করাসহ শুধুমাত্র এই প্রতিযোগিতা-সংশ্লিষ্ট কাজেই ব্যবহৃত হবে। এক্ষেত্রে টিআইবির "উপাত্ত সুরক্ষা নীতিমালা" অনুসরণ করা হবে।


৮. কার্টুন অবশ্যই মৌলিক হতে হবে। কার্টুনটি অন্য কোনো প্রতিযোগিতায় জমা দেওয়া হয়নি এবং অন্য কোনো কার্টুনের অনুকরণ বা অন্যকে দিয়ে আঁকানো হয়নি— মর্মে প্রত্যেক কার্টুনিস্টকে একটি অঙ্গীকারনামা সংযুক্ত করতে হবে। পরবর্তী সময়ে অঙ্গীকারনামা অসত্য প্রমাণিত হলে পুরস্কার ও মনোনয়ন বাতিল করা হবে এবং পুরস্কার হিসেবে প্রাপ্ত অর্থ, ক্রেস্ট ও সনদ ফেরত দিতে হবে।

৯. প্রতিযোগিতায় টিআইবির মনোনীত বিচারকমণ্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০. প্রতিযোগিতায় জমা দেওয়া সকল কার্টুনের স্বত্ব টিআইবির। যা টিআইবি সংরক্ষণ, প্রচার ও ব্যবহার করতে পারবে।

১১. টিআইবির কর্মকর্তা, তাদের সন্তান ও নিকটাত্মীয় এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।

১২. সকল "কার্টুন" এর মূলকপি এই বিজ্ঞাপনে উল্লিখিত ঠিকানায় অবশ্যই জমা দিতে হবে।




## কমিক স্ট্রিপ

৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস ২০২৬ উদযাপনের অংশহিসেবে আয়োজিত "দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতায়" অংশগ্রহণে আগ্রহী সকল তরুণদের কাছ থেকে মৌলিক ও সৃজনশীল "কমিক স্ট্রিপ" আহবান করা যাচ্ছে।

## বিষয় : "দুর্নীতি বহুরূপী"

বয়সসীমাঃ ১৫ থেকে ২৫ বছর

পদ্ধতিঃ হাতে আঁকা

**পুরস্কার**

বিজয়ীকে পুরস্কার হিসেবে (পঁচাত্তর) ৭৫ হাজার টাকার চেক, ক্রেস্ট ও সনদ প্রদান করা হবে।

## অংশগ্রহণের নিয়মাবলী

১. প্রতিযোগিতায় প্রেরিত "কমিক স্ট্রিপ"—এ প্রতিযোগীর দৃষ্টিতে "দুর্নীতি বহুরূপী" এর নেতিবাচক প্রভাব থাকতে হবে।

২. কমিক স্ট্রিপ এর লে-আউট ১২ X ১৬ অথবা ১২ X ১৮ ইঞ্চি আকারের ল্যান্ডস্কেপ/পোর্ট্রেট দুই ভাবেই হতে পারবে।

৩. কমিক স্ট্রিপটি বোধগম্য ও অর্থবহ করতে একটি লে-আউটে একাধিক প্যানেল আঁকা যাবে।

৪. একটি প্যানেল থেকে আরেকটি প্যানেলের সমপরিমাণ দূরত্ব (গাটার) রাখতে হবে।

৫. শুধুমাত্র হাতে আঁকে "কমিক স্ট্রিপ" জমা দেওয়া যাবে।

৬. যে কোনো মাধ্যমে (কালি-কলম, পেন্সিল, জল রং, পোস্টার কালার, ক্রেয়ন কালার) আঁকা "কমিক স্ট্রিপ" জমা দেওয়া যাবে।

৭. "কমিক স্ট্রিপ"– এ ক্যাপশনস, স্পিচ বাবলস, থট বাবলস ও সাউন্ড ইফেক্টস (এসএফএক্স) ব্যবহার করা যাবে। এক্ষেত্রে বাংলা ও ইংরেজির সমন্বয়ে মিশ্রভাষার ব্যবহার করা যাবে।

৮. প্রতিযোগীকে প্রদত্ত ওয়েব লিংকের মাধ্যমে অনলাইন নিবন্ধন সম্পন্ন করতে হবে এবং অটো জেনারেটেড নিবন্ধন নম্বরটি "কমিক স্ট্রিপের" উপর পাশে পেন্সিল দিয়ে লিখতে হবে।

৯. অনলাইন নিবন্ধনের সময় প্রতিযোগীর নাম, বয়স, পাসপোর্ট সাইজ ছবি, চিঠি পাঠানোর ঠিকানা, শিক্ষাপ্রতিষ্ঠান/প্রতিষ্ঠানের নাম, ইমেইল, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের কপি প্রভৃতিসহ "কমিক স্ট্রিপ"– এর একটি ছবি তুলে শেয়ার করতে হবে।

১০. প্রতিযোগীর "ব্যক্তিগত উপাত্তের" সর্বোচ্চ সুরক্ষা নিশ্চিত করাসহ শুধুমাত্র এই প্রতিযোগিতা-সংশ্লিষ্ট কাজেই ব্যবহৃত হবে। এক্ষেত্রে টিআইবির "উপাত্ত সুরক্ষা নীতিমালা" অনুসরণ করা হবে।




১১. একজন প্রতিযোগী ভাঁজহীন অবস্থায় একাধিক "কমিক স্ট্রিপ" পাঠাতে পারবেন। খামের উপর "দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা-২০২৬ (কমিক স্ট্রিপ)" উল্লেখ করতে হবে।

১২. "কমিক স্ট্রিপ" অবশ্যই মৌলিক হতে হবে। শিল্পকর্মটি অন্য কোনো প্রতিযোগিতায় জমা দেওয়া হয়নি এবং অন্য কোনো কমিক স্ট্রিপের অনুকরণ বা অন্যকে দিয়ে আঁকানো হয়নি — এই মর্মে প্রত্যেক প্রতিযোগীকে একটি অঙ্গীকারনামা অনলাইন নিবন্ধনের সময় ই

[illegible]

সাবমিট করতে হবে। পরবর্তী সময়ে অঙ্গীকারনামা অসত্য প্রমাণিত হলে-পুরস্কার ও মনোনয়ন বাতিল করা হবে এবং পুরস্কার হিসেবে প্রাপ্ত অর্থ, ক্রেস্ট ও সনদ ফেরত দিতে হবে।

১৩. প্রতিযোগিতায় টিআইবির মনোনীত বিচারকমণ্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪. প্রতিযোগিতায় জমা দেওয়া সকল "কমিক স্ট্রিপ" – এর স্বত্ব টিআইবির। যা টিআইবি সংরক্ষণ, প্রচার ও ব্যবহার করতে পারবে।

১৫. টিআইবির কর্মকর্তা, তাদের সন্তান ও নিকটাত্মীয় এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।

১৬. সকল "আর্টওয়ার্ক" এর মূলকপি অবশ্যই নিম্ন লিখিত ঠিকানায় জমা দিতে হবে।



**"কমিক স্ট্রিপ" জমা দেওয়ার শেষ সময় ১৫ আগস্ট ২০২৬**


মোবাইল: ০১৭৫৫৫৪ ৮৪২১
ই-মেইল: masum@ti-bangladesh.org
ওয়েবসাইট: www.ti-bangladesh.org
ফেসবুক: www.ti-bangladesh.org/TIBangladesh


<u>জমা দেওয়ার ঠিকানা:</u>

**দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০২৬**
আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন
ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
মাইডাস সেন্টার (লেভেল ৪ ও ৫)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রাজশাহী
www.rajshahi.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৮১০০.০০০.০৩৪.০৪.০০০৩.২৩.১২৮

তারিখ: ১ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: টিআইবি আয়োজিত "দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা-২০২৬" এ অংশগ্রহণ প্রসঙ্গে ।**

অনুলিপি : সদয় অবগতি ও পত্রের মর্মানুযায়ী আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে টিআইবির নিয়মিত আয়োজন "দুর্নীতিবিরোধী কার্টুন

প্রতিযোগিতা-২০২৬''তে অংশগ্রহণের জন্য উৎসহ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-০৭-২০২৬
জাফর আহাম্মদ
সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তা

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অধ্যক্ষ, রাজশাহী কলেজ/নিউ গভঃ ডিগ্রী কলেজ/রাজশাহী সরকারি মহিলা কলেজ/রাজশাহী সরকারি সিটি কলেজ/শহীদ বুদ্ধিজীবী সরকারি কলেজ/শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান সরকারি ডিগ্রী কলেজ/রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ/রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী।

২। উপজেলা নির্বাহী অফিসার, পবা, তানোর, গোদাগাড়ী, মোহনপুর, পুঠিয়া, চারঘাট, বাঘা, দূর্গাপুর, বাগমারা, রাজশাহী।

৩। রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যাল/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, রাজশাহী পলিটেকনিক ইন্সটিটিউট/রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট/রাজশাহী কলেজিয়েট স্কুল/সরকারি প্রমথনাথ বালিকা উচ্চ বিদ্যালয়/সিরোইল সরকারি উচ্চ বিদ্যালয়/হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয়/রাজশাহী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (হেলেনাবাদ)/রাজশাহী, রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল এন্ড কলেজ/শাহমখদুম কলেজ/রাজশাহী কোর্ট কলেজ/মাদার বখস গার্হস্থ্য অর্থনীতি কলেজ/বরেন্দ্র কলেজ/শহীদ মামুন মাহমুদ পুলিশ লাইনস্ স্কুল এন্ড কলেজ/অগ্রণী স্কুল ও কলেজ/লক্ষ্মীপুর বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী।